

# শিক্ষকদের লাগাতার অবস্থান কর্মসূচি শুরু কাল, আসছে কর্মবিরতির ঘোষণা

বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বাড়ানোর দাবি



গত ১৩ আগস্ট পাঁচ দফা দাবিতে রাজধানীতে মহাসমাবেশ করে এমপি'ওভুক্ত শিক্ষকরা। ছবি: ফোকাস বাংলা

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১১ অক্টোবর ২০২৫ | ২১:৩৪ | আপডেট: ১১ অক্টোবর ২০২৫ | ২১:৩৭

সরকার ঘোষিত বাড়িভাড়া ভাতা বৃদ্ধিকে ‘অপর্যাপ্ত ও অবাস্তব’ আখ্যা দিয়ে তা প্রত্যাখ্যান করেছেন দেশের বেসরকারি এমপিওভুক্ত স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীরা। এ দাবিতে তারা আগামীকাল রোববার থেকে রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি শুরুর ঘোষণা দিয়েছেন।

আন্দোলনকারী শিক্ষক নেতারা জানিয়েছেন, ওইদিনের কর্মসূচি থেকেই সারাদেশের সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে টানা কর্মবিরতির ঘোষণা আসতে পারে।

শিক্ষক সংগঠনের নেতারা বলেন, সরকারের প্রজ্ঞাপনে প্রস্তাবিত মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়িভাড়া ভাতা ও চিকিৎসা ভাতা বৃদ্ধি সংক্রান্ত দাবি এখনো পূরণ হয়নি। দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা রাজপথে আন্দোলন চালিয়ে যাবেন।

এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী শনিবার সমকালকে বলেন, সরকার যে ৫০০ টাকা বাড়িভাড়া বাড়িয়েছে, তা শিক্ষকদের সঙ্গে এক প্রকার পরিহাস। বর্তমান বাজারদরে এই টাকায় একদিনের বাজারও হয় না। আমরা এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করছি এবং মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা ১ হাজার ৫০০ টাকায় উন্নীত করার দাবি জানাচ্ছি।

তিনি আরও জানান, সারাদেশ থেকে শিক্ষকরা ইতোমধ্যে ঢাকায় এসে অবস্থান নিচ্ছেন। যদি এর মধ্যে সরকারের পক্ষ থেকে নতুন কোনো প্রজ্ঞাপন জারি না হয়, তবে রোববারের সমাবেশ থেকেই লাগাতার অবস্থান ও কর্মবিরতি কর্মসূচি শুরু হবে।

উল্লেখ্য, গত ১৩ আগস্ট প্রেসক্লাবের সামনে থেকে সংগঠনটি বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধি এবং সর্বজনীন বদলি চালুর দাবি জানিয়েছিল। পরবর্তীতে ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ১৪ সেপ্টেম্বর অর্ধদিবস কর্মবিরতি, ১৫ ও ১৬ সেপ্টেম্বর পূর্ণদিবস কর্মবিরতি, বিভাগীয় শহরে শিক্ষক সম্মেলন এবং ১২ অক্টোবর থেকে অনিদিষ্টকালের অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দেওয়া হয়।